



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দরে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন”

মোংলা বন্দর কর্তৃপক্ষ ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ যথাযথ মর্যাদা উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপন করেছে। এদিনে মোংলা বন্দর নানামুখী কর্মসূচী পালন করে। দিবসের শুরুতেই মোংলাস্থ মবক এর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী এরপর পর্যায়ক্রমে পুষ্পস্তবক অর্পণ করেন মোংলা বন্দর মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের বীর মুক্তিযোদ্ধাগণ, অফিসার এ্যাসোসিয়েশন ও সিবিএ নেতৃবৃন্দ। এর পরে জাতীয় পতাকা ও মুক্তিযোদ্ধা সংসদের পতাকা উত্তোলন করা হয়।

সকাল ৯:৩০ ঘটিকায় মবক’র স্বাধীনতা চত্বরে অবসরপ্রাপ্ত বীরমুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের সংবর্ধনা প্রদান এবং ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ঐতিহাসিক নেতৃত্ব ও দেশের উন্নয়ন’ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বন্দর চেয়ারম্যান বলেন, “জাতির পিতা এ দেশের স্বাধীনতার পাশাপাশি দেশের মানুষের অর্থনৈতিক মুক্তিও চেয়েছিলেন। তিনি রাষ্ট্রের গুরুদায়িত্ব পালনের সাথে দেশের নদ-নদী, সমুদ্র সম্পদের গুরুত্ব অনুধাবন করে তৎকালীন নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বভার নিজেই নিয়েছিলেন। আজ বাংলাদেশ স্বল্পন্যে দেশ হতে উন্নয়নশীল দেশের দ্বারপ্রান্তে, যার মূল চালিকা শক্তি জাতির পিতার সুযোগ্য কন্যা আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।”

মোংলা বন্দরের আওতাধীন বন্দর মাধ্যমিক বিদ্যালয় এবং পোর্ট মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব দেশের উন্নয়ন’ বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। দুপুরে বন্দর হাসপাতালের রোগীদের উন্নতমানের খাবার দেয়া হয়। বন্দরের সদর দপ্তরসহ গুরুত্বপূর্ণ স্থাপনা আলোকসজ্জাকরণ এবং নৌযানসমূহ জাতীয় পতাকা দ্বারা সজ্জিতকরণ করা হয়। মবক এর কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রীতি ভলিবল খেলা অনুষ্ঠিত হয়।

স্বাক্ষরিত/-
উপসচিব